# ৫ম উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর ৪৭তম (জুলাই ২০২৩খ্রি. মাসের) সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ শাহিদ মাহমুদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

তারিখ ঃ ১৩ জুলাই ২০২৩খ্রি.।

সময় ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, নীলফামারী সদর, নীলফামারী।

উপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার নীলফামারী সদর গত ২০-০৬-২০২৩খ্রি. তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| <u>০১.উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, নীলফামারী সদর উপজেলায় ৪৬টি কমিউনিটি ক্লিনিক এবং ২টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র সপ্তাহে ৬দিন খোলা রেখে প্রান্তিক জনগোষ্ঠিকে চিকিৎসাসেবা প্রদান করা হচ্ছে। তিনি আরোও জানান যে, এ উপজেলার ৫ হতে ১১ বছর বয়সী বাচ্চাদের ২০ হাজার পেডিয়াট্রিক ডোজ মজুদ রয়েছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। রোগ নির্ণয়পূর্বক ২০ হাজার পেডিয়াট্রিক ডোজ যথানিয়মে প্রদান করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০২.উপজেলা কৃষি বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি সম্পসারণ অধিদপ্তর, নীলফামারী সদরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আমন মৌসুমে কৃষক পর্যায়ে আগাম জাতের ধানের চারা রোপন শুরু হয়েছে। বাজারে রাসায়নিক সারসহ অন্যান্য কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক পর্যায়ে রয়েছে এবং সরকার কর্তৃক কৃষি প্রণোদনার সার ও বীজ বিনামূল্যে কৃষকের মাঝে সরবরাহ করা সম্পন্ন। মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের মাধ্যমে কৃষকদেরকে পরামর্শ প্রদান অব্যাহত আছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। রাসায়নিক সার ও কীটনাশকের দর স্থিতিশীল রাখতে নিয়মিত বাজার পরিদর্শন অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার নীলফামারী সদর। |
| <u>০৩. উপজেলা মৎস্য বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মাছের রেনু পোনার সঠিক মান নিশ্চিতের জন্য এ উপজেলার হ্যাচারীসমূহ নিয়মিত পরিদর্শন প্রদান করা হচ্ছে। মা-মাছ সংরক্ষণের লক্ষ্যে নিয়মিত মা-মাছ বিক্রয় বন্ধে মাছ বাজারে অভিযান পরিচালনা করা হচ্ছে এবং নিষিদ্ধ জাল বিক্রয় বন্ধে বাজারসমূহ পরিদর্শন এবং মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। মা-মাছ সংরক্ষণের জন্য হাট-বাজারসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে এবং নিষিদ্ধ জাল বিক্রয় বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০৪. উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ</u> কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তর কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানের কোন সমস্যা নাই। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা নীলফামারী সদর। |
| <u>০৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ</u> উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, নীলফামারী সদর উপজেলায় বর্তমানে সক্ষম দম্পতি ১০৬৪৪০জন, পরিবার পরিকল্পনা গ্রহণকারী ৮৭৭০১জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.৩৯%, মোট গর্ভবতী ৩৫৮৮জন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব ৩৫জন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ২৬জন। এছাড়াও পরিবার পরিকল্পনা বিভাগ হতে জুন, ২০২৩খ্রি. মাসে খাবার বড়ি ২৮৬৩৬ চক্র, আপন ৮০৪ চক্র, কনডম ১২৩৯২ পিস, ইনজেকশন ৪৪২৪ ভায়াল, আইইউডি ৫৩ জন, ইমপ্ল্যান্ট ১৯ জন ও ইসিপি ২৩ জনকে প্রদান করা হয়েছে। এছাড়াও ০৪জন মহিলাকে স্থায়ী পদ্ধতি পদান করা হয়েছে। গত ১১ জুলাই ২০২৩খ্রি. তারিখ জনসংখ্যা দিবস উদযাপন হয়েছে। | মাঠ পর্যায়ে কর্মরত জনবলের মাধ্যমে জনসাধারণকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ এবং স্বাভাবিক প্রসবে উৎসাহ প্রদান করতে হবে। | |
| <u>০৬. উপজেলা প্রকৌশল বিভাগঃ</u> উপজেলা প্রকৌশলী জানান যে, চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় অদ্যাবধি কোন বরাদ্দ পাওয়া যায়নি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যথা নিয়মে প্রকল্প গ্রহণ এবং নির্ধারিত সময়ে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ০৭. উপজেলা সমাজসেবা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ০৬(ছয়)টি রোগে (ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়ায়) আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে। তিনি বিষয়টি জনসাধারণের মাঝে প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। তিনি আরোও জানান যে, সকল প্রকার ভাতা সুষ্ঠভাবে বিতরণের লক্ষ্যে আগামী মাসে সকল ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশন করা হবে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ০৬(ছয়)টি রোগের আর্থিক সহায়তা প্রদান এবং সকল প্রকার ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশনের বিষয়টি জনসাধারণের মাঝে প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা সমাজসেবা অফিসার<br>নীলফামারী সদর। |
| ০৮. উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ০৯. মহিলা বিষয়ক অধিদপ্তরঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপপরিচালক/প্রোগ্রাম অফিসার<br>মহিলা বিষয়ক অধিদপ্তর নীলফামারী। |
| ১০. জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ উপসহকারী প্রকৌশলী জানান যে, বিগত ২০২২-২০২৩ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপন কাজ সুসম্পন্ন হয়েছে। চলমান ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপনের লক্ষ্যে সাইট লিষ্ট প্রাপ্তি সাপেক্ষে শীঘ্রই কাজ শুরু করা হবে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য ৪র্থ ধাপে অগভীর নলকূপের স্থাপন কাজ চলমান রয়েছে। অনুমোদিত সরকারি প্রাথমিক বিদ্যালয় গুলোতে জিপিএস/ এনএনজিপিএস/পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ওয়াশব্লক নির্মাণ এবং টিএসপি স্থাপন কাজ চলমান। এছাড়াও দপ্তরের বাকী সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | ১। চলতি ২০২৩-২০২৪ অর্থবছরে "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প" এর আওতায় ৪র্থ পর্যায়ে ৩৯০টি অগভীর নলকূপ স্থাপনের লক্ষ্যে সাইট লিষ্ট সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে স্থাপন কাজ সম্পন্ন করতে হবে।<br>২। চলমান কাজসমূহ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী<br>ডিপিএইচই<br>নীলফামারী সদর। |
| ১১. উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার<br>নীলফামারী সদর |
| ১২. উপজেলা সমবায় বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে চলছে। | ১। প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে।<br>২। সমবায় সমিতিসমূহ নিয়মিত পরিদর্শন করে ঋণ বিতরণ ও আদায়ের হার বৃদ্ধি করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, পারফরমেন্স বেজড ফর সেকেন্ডারী ইন্সটিটিউশনস এর ২য় পর্যায়ে অনুদানের জন্য ৩৬টি প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করা হয়েছে। নতুন শিক্ষা ক্রমের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন প্রক্রিয়া চলমান রয়েছে। অনলাইন এমপিও সুপারিশ প্রক্রিয়া চলমান রয়েছে এবং পবিত্র ঈদ-উল আজহার ছুটি শেষে গত ০৯/০৭/২০২৩খ্রি. তারিখ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলেছে। | মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন/পাঠদান মনিটরি করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>নীলফামারী সদর। |
| ১৪. উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, সাধারণ টিআর(৩য় পর্যায়), নীলফামারী পৌরসভা টিআর(৩য় পর্যায়), জেলা প্রশাসক টিআর(৩য় পর্যায়) ও বিশেষ টিআর(১ম পর্যায়) এবং নির্বাচনী এলাকা ভিত্তিক টিআর(৩য় পর্যায়)-এর কার্যক্রম চলমান রয়েছে। তিনি আশা করেন উক্ত প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন হবে। | চলমান প্রকল্পসমূহের কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৫. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। তবে উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>নীলফামারী সদর। |
| ১৬. বন বিভাগঃ কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | ভারপ্রাপ্ত কর্মকর্তা সামজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নীলফামারী। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| **১৭. উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, বর্তমানে খাদ্য গুদামে চাল-৮৩৬৭.০০০মেঃ টন, ধান-২৪১.০০০মেঃটন, গম-১৭.০০০মেঃ টন মজুদ রয়েছে। অভ্যন্তরীণ বোরো চাল/ধান সংগ্রহ ২০২৩ চলমান। জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>বর্তমান বাজারে ধান ২৯/- থেকে ৩০/-, চাল- ৪৩/- থেকে ৪৪/-, গম- ৪৯/- থেকে ৫০/-, আটা- ৫৫/- থেকে ৫৮/-, লবণ-৩৫/- থেকে ৪০/-, চিনি- ১৪০/- থেকে ১৫০/-, মসুর ডাল-১১০/-থেকে ১৪০/- এবং সয়াবিন তেল ১৯০/- থেকে ১৯৫/- প্রতি কেজি দরে বিক্রি হচ্ছে। চলমান ২০২৩-২৪ অর্থ বছরে ভি,ডব্লিউ,বি খাতে বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ করা হবে। | ১। অভ্যন্তরীণ বোরো চাল/ধান সংগ্রহ ২০২৩ চলমান। জিআর, ইপি, ওপি, ভিজিডি ও ওএমএস খাতে খাদ্যশস্য বিলি/বিতরণ চলছে।<br>২। ভি,ডব্লিউ,বি খাতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে যথা নিয়মে বিতরণ করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক নীলফামারী সদর। |
| **১৮. উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, তার দপ্তর হতে জুন ২০২৩খ্রি. মাসে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করেছেন।<br>১৮.১। পাট ফসলের পূর্বাভাস (অংশ-০১) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.২। বোরো ফসলের মূল্য ও উৎপাদন প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৩। আউশ ফসলের পূর্বাভাস (অংশ-০১) প্রস্তুতপূর্বক জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>১৮.৪। উপজেলার প্রত্যেক ইউনিয়নে কৃষি মজুরির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন জেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। | সকল প্রকার তথ্য নির্ধারিত সময়ের মধ্যে জেলা কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা নীলফামারী সদর। |
| **১৯. উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান নীলফামারী সদর কার্যালয়ের মাসিক কার্যাবলীর অংশ হিসেবে গত ০৫/০৬/২০২৩খ্রি. তারিখে ইউনিয়ন আনসার কমান্ডার ও ইউনিয়ন দলনেতা/দলনেত্রীদের নিয়ে মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় বাল্যবিবাহ রোধ, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন, বৃক্ষরোপন, মাদক বিরোধী কর্মকান্ড ইত্যাদি সম্পর্কে আলোচনা করা হয়। মাসিক সভায় বিগত মাসের সার্বিক কর্মকান্ড সম্পর্কে আনসার ও ভিডিপি সদস্যদের মধ্যে আলোচনা করা হয় এবং তাদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। এছাড়াও আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য আনসার ও ভিডিপি সদস্য ও সদস্যাদের দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হয়।<br>বাহিনীর মহাপরিচালক মহোদয়ের নির্দেশনায় পরিবেশের ভারসাম্য রক্ষায় গত ১৯-৬-২০২৩খ্রি. তারিখে নীলফামারী সদর উপজেলা কার্যালয়ের উদ্যোগে বৃক্ষরোপন অভিযান ২০২৩ শুরু হয়েছে। উপজেলা আনসার- ভিডিপি কার্যালয়স্থ জমিতে ও আনসার ভিডিপি ক্লাব সমিতি চত্বরে বিভিন্ন জাতের ফলজ, বনজ ও ঔষুধি গাছের ১৫০টি চারা রোপন করা হয় এবং ইউনিয়ন আনসার কমান্ডার ও ইউনিয়ন দলনেতা দলনেত্রীদের বৃক্ষরোপন করার জন্য উদ্বুদ্ধ করা হয়। স্বাস্থ্যবিধী মেনে অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বদা সজাগ থাকতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা নীলফামারী সদর। |
| **২০. বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ নীলফামারী। |
| **২১. আইসিটি বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতিমাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর নীলফামারী সদর |
| **২২. বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন(ক্ষুদ্রসেচ):** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকার প্রকৌশলী বিএডিসি(ক্ষুদ্রসেচ) নীলফামারী সদর। |
| **২৩. নির্বাচন কমিশনঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা নির্বাচন অফিসার নীলফামারী সদর। |
| **২৪. উপজেলা পাট উন্নয়ন বিভাগঃ** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা নীলফামারী সদর। |
| **২৫. উপজেলা তথ্য কেন্দ্র, তথ্য আপাঃ প্রকল্প (২য় পর্যায়)** কার্যপত্র পাওয়া যায়নি। | প্রতি মাসের প্রথম সপ্তাহে কার্যপত্র দাখিল করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা তথ্যকেন্দ্র, নীলফামারী সদর। |

চলমান

CamScanner

| | | |
|---|---|---|
| ২৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ সভায় উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৬ষ্ঠ পর্যায়ে শুধুমাত্র অবকাঠামো উন্নয়নের জন্য ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ)টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের জন্য উপজেলা প্রকল্প বাছাই কমিটি সুপারিশ করেছে। তিনি প্রকল্প দুটি উপজেলা পরিষদে অনুমোদনের প্রস্তাব পেশ করেন। | ৬ষ্ঠ পর্যায়ের বরাদ্দকৃত অর্থে মাধ্যমিক বিদ্যালয়ে উচুঁ-নিচুঁ বেঞ্চ সরবরাহকরণ এবং কমিউনিটি ক্লিনিকের সাথে নতুন ৩টি ডেলিভারি রুম নির্মানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী নীলফামারী সদর। |

আলোচ্যসূচি বিবিধ ০১। উপজেলা পরিষদ রাজস্ব খাতের ব্যয় অনুমোদন।

সভায় জানানো হয় যে, জুন, ২০২৩খ্রি. মাসে নিম্নবর্ণিত ব্যয় করা হয়েছে। যা সভায় অনুমোদন প্রয়োজন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত খরচের ব্যয়োত্তর অনুমোদন করা হয়।

| রাজস্ব বিল নং | তারিখ | বিলের বর্ণনা | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ৯৯/২০২২-২৩ | ০১/০৬/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর মে, ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ১০০/২০২২-২৩ | ০১/০৬/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর মে, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১০১/২০২২-২৩ | ০১/০৬/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর মে, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১০২/২০২২-২৩ | ০১/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির মে, ২০২৩ মাসের মজুরি বিল। | ২৫,০০০.০০ |
| ১০৩/২০২২-২৩ | ০১/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের ২টি আলমারি মেরামত ও রংকরণ ব্যয় বিল। | ১৪,০০০.০০ |
| ১০৪/২০২২-২৩ | ০১/০৬/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন গোড়গ্রাম ও চড়াইখোলা ইউনিয়নে মোট ১১টি বাড়ী অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৩৫,০০০.০০ |
| ১০৫/২০২২-২৩ | ০৫/০৬/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন গোড়গ্রাম ইউনিয়নে ০১-০৬-২০২৩ ৮টি বাড়ী অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ১৭,০০০.০০ |
| ১০৬/২০২২-২৩ | ০৬/০৬/২০২৩খ্রি. | নীলফামারী সদর উপজেলাধীন খোকশাবাড়ী ইউনিয়নে ০৫-০৬-২০২৩ ৩টি বাড়ী অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ হওয়ায় উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান বিল। | ৯,০০০.০০ |
| ১০৭/২০২২-২৩ | ২০/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ১জন মুসলিম কর্মচারির পবিত্র ঈদ উল আযহা উৎসব ভাতা বিল। | ৭,৫০০.০০ |
| ১০৮/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | জনাব শাহিদ মাহমুদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ফেব্রুয়ারি ২৩ হতে জুন ২৩ পর্যন্ত টিএ/ডিএ বিল। | ৪৯,৩৭৫.০০ |
| ১০৯/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুন ২০২৩ মাসের সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা বিল। | ৪৫,০০০.০০ |
| ১১০/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুন, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১১১/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুন, ২০২৩ মাসের সম্মানী ভাতা বিল। | ২৭,০০০.০০ |
| ১১২/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদে কাজ নাই মজুরি নাই ভিত্তিতে কর্মরত ২জন কর্মচারির জুন, ২০২৩ মাসের মজুরি বিল। | ২৩,৫০০.০০ |
| ১১৩/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত উপজেলা পরিষদের ইন্টারনেট বিল আরসিল কম্পিউটার এর অনুকূলে প্রদান। | ৩৮,৪৩০.০০ |
| ১১৪/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | যায়যায়দিন পাবলিকেশন লিমিটেডকে ১৪৩০ সনে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রচার ব্যয় বিল প্রদান। | ৬১,১৩৪.০০ |
| ১১৫/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | সম্পাদক, নীলফামারী বার্তার অনুকূলে ১৪৩০ সনে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি প্রচার ব্যয় বিল প্রদান। | ৩৪,১৫৫.০০ |
| ১১৬/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | ১৪৩০ সনে হাট-বাজার ইজারার অন্যান্য ব্যয় বিল। | ৪৯,০০০.০০ |
| ১১৭/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের আসবাবপত্র মেরামত ব্যয় বিল। | ৩৬,০০০.০০ |
| ১১৮/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | যায়যায়দিন পাবলিকেশন লিমিটেডকে ২০২২-২৩ অর্থ বছরে এডিপি দরপত্র বিজ্ঞপ্তি ৭/২২-২৩ প্রচার ব্যয় বিল প্রদান। | ৪৮,৯০৭.০০ |
| ১১৯/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | সম্পাদক, দৈনিক নীলফামারী বার্তার অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে এডিপি দরপত্র বিজ্ঞপ্তি ৭/২২-২৩ প্রচার ব্যয় বিল প্রদান। | ২৯,৪৪০.০০ |
| ১২০/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | দৈনিক কালের কন্ঠ এর অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরে এডিপি দরপত্র বিজ্ঞপ্তি ৭/২২-২৩ প্রচার ব্যয় বিল প্রদান। | ২৪,৮৪০.০০ |
| ১২১/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | মেসার্স মুক্তা ফিলিং স্টেশন, নীলফামারীর অনুকূলে উপজেলা পরিষদের জিপগাড়ি নং-নীলফামারী ঘ ১১০০২৩ এর জানুয়ারি ২৩ হতে জুন ২৩ পর্যন্ত জ্বালানী বিল পরিশোধ। | ১,৫৭,৮১৯.০০ |

চলমান

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১২২/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২৩ হতে জুন ২৩ পর্যন্ত আপ্যায়ন ব্যয় বিল। | ১,৫০,০০০.০০ |
| ১২৩/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের ফেব্রুয়ারি ২৩ হতে জুন ২৩ পর্যন্ত আনুষঙ্গিক ব্যয় বিল। | ২৫,০০০.০০ |
| ১২৪/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | উপজেলা পরিষদের ব্যবহার্য দ্রব্যাদি ক্রয় ব্যয় বিল। | ৫৪,২০০.০০ |
| ১২৫/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | জনাব দীপক চন্দ্র চক্রবর্তী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত টিএ/ডিএ বিল। | ৬০,০০০.০০ |
| ১২৬/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | জনাব সান্তনা চক্রবর্তী, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর এর জুলাই ২০২২ হতে জুন ২০২৩ পর্যন্ত টিএ/ডিএ বিল। | ৬০,০০০.০০ |
| ১২৭/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | চওড়াবড়গাছা ইউনিয়নে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থ ১টি পরিবারকে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে আর্থিক সহায়তা প্রদান। | ৫,০০০.০০ |
| ১২৮/২০২২-২৩ | ২৬/০৬/২০২৩খ্রি. | চলতি ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভা অনুষ্ঠান ব্যয় বিল। | ৯৬,০০০.০০ |

**আলোচ্যসূচি বিবিধ ০২। উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তা, অফিস ভবন, পরিদর্শন বাংলো, সীমানা প্রাচির নির্মান/মেরামতের প্রয়োজনীয় দেখা দিয়েছে। বর্ণিত প্রকল্পগুলি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন। সে জন্য নিম্নোক্ত প্রকল্পসমূহের পৃথক পৃথক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। যথাঃ

| ক্রমিক নম্বর | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার বাসভবনের সীমানা প্রাচীর নির্মাণ | ৭,৩৮,২২২.০০ |
| ০২ | উপজেলা পরিষদের পরিদর্শন বাংলো মেরামতকরণ | ৭,৩৮,১২৭.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের ১ম তলার ২০২ ও ২০৪ নং কক্ষ এবং কমন টয়লেট ও বারান্দা সংস্কার ও মেরামত | ৭,০০,০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদ কমপ্লেক্স এর অভ্যন্তরে আরসিসি রাস্তা নির্মাণ | ১,১৪,৫৫,১৩২.০০ |
| ০৫ | উপজেলা পরিষদের দক্ষিণ দিকে সীমানা প্রাচীর নির্মাণ | ৫,৫৩,৯০১.০০ |
| ০৬ | উপজেলা পরিষদের উত্তর দিকে ও উত্তর-পূর্ব দিকে সামনের সীমানা প্রাচীর নির্মাণ | ৩৬,১৩,৯১৪.০০ |
| ০৭ | উপজেলা পরিষদ কমপ্লেক্স চত্বরে কাটা তারের বেড়া নির্মাণ | ৩৮,৭৪,০৫০.০০ |
| ০৮ | উপজেলা পরিষদ চত্বরের সামনে ও পিছনে ২(দুই)টি গেট নির্মাণ | ৭,২৩,২১২.০০ |
| ০৯ | উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ মেরামতকরণ | ৭,৩৮,৬২২.০০ |
| ১০ | উপজেলা পরিষদ প্রশাসনিক ভবনের নিচতলা ও ৩য় তলার অফিস কক্ষ মেরামতকরণ | ১০,০০,০০০.০০ |
| | সর্বমোট(দুই কোটি একচল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত আশি)টাকা= | ২,৪১,৩৫,১৮০.০০ |

উল্লিখিত প্রকল্পসমূহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ বর্ণিত প্রকল্পসমূহ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নের বাস্তবায়নের লক্ষ্যে প্রাক্কলন ও কারিগরী প্রতিবেদনসহ প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

আলোচ্যসূচি বিবিধ ০৩। উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা।

সভায় আলোচনাকালে জানা যায় যে, গত ২০-০৬-২০২৩খ্রি. তারিখে উপজেলা হাট-বাজার ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় হাট-বাজার উন্নয়ন ও আয় বৃদ্ধির লক্ষ্যে ভবানীগঞ্জ হাটে ০১(এক)টি, রামকলা হাটে ০২(দুই)টি, পলাশবাড়ী হাটে ০১(এক)টি, রামগঞ্জ হাটে ০১(এক)টি এবং চাদের হাটে ০১(এক)টি, কচুয়া হাটে ০১(এক)টি, কচুকাটা হাটে ০২(দুই)টি, পঞ্চপুকুর হাটে ০১(এক)টি, জানকীগঞ্জ হাটে ০১(এক)টি ও ঢেলাপীর হাটে ০৩(তিন)টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তমোতাবেক হাট-বাজার উন্নয়ন প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নে উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬.০৭.২০২৩
(শাহিদ মাহমুদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নীলফামারী সদর, নীলফামারী।

২৬/৭/২৩

CS CamScanner

# উপজেলা পরিষদ

নীলফামারী সদর, নীলফামারী।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩৬৪.০০০.০৯.০০২.২১. ৩৬(৫০)

তারিখঃ ০১ শ্রাবণ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৩ নীলফামারী-২ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নীলফামারী সদর।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, নীলফামারী।

০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

০৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।

১০। উপজেলা.........................................................অফিসার, নীলফামারী সদর, নীলফামারী।

১১। চেয়ারম্যান,.......................................................ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।

(জেসমিন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।
ফোন নম্বর ০২৫৮৯৯৫৫১৮১
ই-মেইলঃ unonilphamari@mopa.gov.bd

CamScanner